পরিবেশ অধিদপ্তর

পরিবেশ অধিদপ্তরের ত্রৈমাসিক প্রকাশনা

# পরিবেশ বার্তা

প্রকাশকাল: এপ্রিল-সেপ্টেম্বর ২০২৫ । সংখ্যা: ২-৩


- বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন
- পরিবেশ মেলা ২০২৫ আয়োজন
- জাতীয় পরিবেশ পদক ২০২৪ প্রদান
- পরিবেশ বিষয়ক সংস্কার ভাবনা আলোচনা অনুষ্ঠান আয়োজন
- আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতা ২০২৫
- শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা ২০২৫
- রচনা প্রতিযোগিতার আয়োজন
- বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উপলক্ষে সেমিনার আয়োজন
- বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ এর সমাপনী অনুষ্ঠান আয়োজন
- বিশ্ব ওজোন দিবস ২০২৫ উদযাপন
- আন্তর্জাতিক শব্দ সচেতনতা দিবস ২০২৫ উদযাপন
- বিশ্ব পচ্ছিন্নতা দিবস ২০২৫ উদযাপন
- ১০ম মৌলিক প্রশিক্ষণ কোর্স (১ম পর্ব) আয়োজন
- "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ" শীর্ষক প্রশিক্ষণ
- শব্দদূষণ নিয়ন্ত্রণে কর্মকৌশল নির্ধারণে আলেম-উলামাগণের সাথে মতবিনিময় সভার আয়োজন
- পরিবেশ বান্ধব পাটের ব্যাগ বাজারজাতকরণ কার্যক্রমের শুভ উদ্বোধন
- টাঙ্গুয়ার হাওরে প্লাস্টিক দূষণ রোধে পরিবেশ অধিদপ্তরের সচেতনতামূলক কার্যক্রম
- সচিবালয় নির্দেশমালা, ২০২৪ বিষয়ক প্রশিক্ষণের আয়োজন
- চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াকরণ) বিধিমালা, ২০০৮ অনুযায়ী মতবিনিময় সভা



**উপদেষ্টা**

**ড. মোঃ কামরুজ্জামান** *এনডিসি*
মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

**সমন্বয়কারী**

**মোঃ জিয়াউল হক**, অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদক**

**মোঃ খালেদ হাসান**, পরিচালক (আইটি)

**সহ-সম্পাদক**

**কাজী সুমন**, উপপরিচালক (প্রচার) (চলতি দায়িত্ব)



**পরিবেশ অধিদপ্তর**

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭, বাংলাদেশ।

ফোন : 88 02 222218500
ই-মেইল : dg@doe.gov.bd
ওয়েব সাইট : www. doe.gov.bd
ফেসবুক : www.facebook.com/doebd


## বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন



বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০২৫ এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস

পরিবেশ ও প্রতিবেশ সুরক্ষায় জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবছরও দেশব্যাপী ব্যাপক উৎসাহ উদ্দীপনার সাথে বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন করা হয়। জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP) কর্তৃক নির্ধারিত এ বছরের বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য ছিল Ending Plasting Pollution যার বাংলা ভাবার্থ করা হয় প্লাস্টিক দূষণ আর নয় এবং স্লোগান ছিল Beat Plasting Pollution যার বাংলা ভাবার্থ করা হয় প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনি সময়। দিবসটি উদযাপন উপলক্ষে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচিসমূহের মধ্যে উদ্বোধনী অনুষ্ঠান, পরিবেশ মেলা আয়োজন, জাতীয় পরিবেশ পদক ২০২৪ প্রদান, শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, প্রকল্প প্রস্তাব সংক্রান্ত উন্মুক্ত কর্মশালা আহ্বান, আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতা, মুঠোফোনে ক্ষুদে বার্তা প্রদান এবং সেমিনার ও আলোচনা সভা আয়োজন অন্যতম।

**পরিবেশ দিবসের উদ্বোধনী অনুষ্ঠান :** জাতীয় পর্যায়ে ২৫ জুন ২০২৫ তারিখে বাংলাদেশ চীন মৈত্রী আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০২৫' এবং 'জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষ মেলা ২০২৫'-এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। এছাড়া অনুষ্ঠানে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. ফারহিনা আহমেদ, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি* এবং বন অধিদপ্তরের প্রধান বন সংরক্ষক জনাব মোঃ আমীর হোসাইন চৌধুরী এসময় মঞ্চে উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. ফারহিনা আহমেদ। অত:পর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রমের ওপর একটি ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানের বিশেষ অতিথি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, প্লাস্টিক দূষণ রোধে নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে; সুপার শপগুলো শতভাগ পলিথিনমুক্ত হয়েছে।

একবার ব্যবহার্য ১৭টি প্লাস্টিক পণ্যে নিরুৎসাহ এবং সিঙ্গেল ইউজ প্লাস্টিক বন্ধে কর্মপরিকল্পনা বাস্তবায়ন চলছে। উপদেষ্টা জানান, নদী সংরক্ষণে চূড়ান্ত করা হয়েছে দেশের নদ-নদীর তালিকা। তুরাগসহ ঢাকার চারটি নদী ও ২০টি খালের জন্য ব্লু-নেটওয়ার্ক পরিকল্পনা তৈরি হয়েছে। বড়াল, করতোয়া, সুতাংসহ ১৫ নদীর পুনরুদ্ধার কার্যক্রম শুরু হয়েছে। নদীর স্বাস্থ্য পরীক্ষায় চালু হচ্ছে 'হেলথ কার্ড'। ইটভাটা নিয়ন্ত্রণে 'নো-ব্রিকফিল্ড জোন' গঠন ও পুরোনো যানবাহন নিয়ন্ত্রণে অভিযান চালানো হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস তাঁর বক্তব্যে দূষণ রোধ ও পরিবেশ সুরক্ষায় প্লাস্টিক বর্জনের জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান। তিনি বলেন, প্লাস্টিক পরিবেশের জন্য বিষ। এটা কেবল মানুষ নয়, পৃথিবীর সব প্রাণীর জন্য ক্ষতিকর। আসুন, আমরা আজ থেকে মনে মনে ঠিক করি, প্লাস্টিক বর্জন করবো। পরিবেশ সুরক্ষার ওপর গুরুত্ব আরোপ করে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেন, জীবন বাঁচাতে হলে পরিবেশ বাঁচাতে হবে। পরিবেশ ধ্বংস করা থেকে বিরত থাকতে হবে। পরিবেশ বিপর্যয় রোধ করতে পারলে আমরা সুন্দর পৃথিবী উপভোগ করতে পারবো। একবার ব্যবহার্য প্লাস্টিক পরিবেশের জন্য ভীষণ ক্ষতিকর উল্লেখ করে তিনি এর ব্যবহার বন্ধের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। প্রধান উপদেষ্টা বলেন, দেশের প্রতিটি নাগরিক যদি সিদ্ধান্ত নিয়ে সপ্তাহে অন্তত একটা দিন একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক বর্জন করে, তাহলে ক্রমান্বয়ে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা সম্ভব হবে। এই ধরনের সিদ্ধান্ত নেওয়া ছাড়া কঠিন এ পথ পাড়ি দেওয়া কঠিন হবে। তিনি আরো বলেন, দূষণ রোধে শুধু পলিথিন বর্জন নয়, পলিথিন উৎপাদন বন্ধ করা প্রয়োজন। দৈনন্দিন জীবনযাপনে পরিবর্তন ছাড়া সামগ্রিক পরিবেশ বিপর্যয় অবধারিত। পরিশেষে তিনি বলেন, পরিবেশ সুরক্ষায় বর্তমান তরুণ প্রজন্ম অগ্রণী ভূমিকা রাখতে পারে। আগামীর ক্লিন-গ্রীন-নিরাপদ বাংলাদেশ বিনির্মাণে আসুন আমরা সকলে একত্রে কাজ করি।

## পরিবেশ মেলা ২০২৫ আয়োজন

জনসাধারণ ও বিভিন্ন অংশীজনকে পরিবেশ বিষয়ে সচেতন করার পাশাপাশি পরিবেশ সম্মত বিভিন্ন টেকনোলজির সাথে পরিচয় করিয়ে দেওয়ার লক্ষ্যে বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে বাংলাদেশ চীন মৈত্রী আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র সংলগ্ন মাঠে ২৫-২৭ জুন ২০২৫ খ্রি. তারিখে ০৩ (তিন) দিনব্যাপী পরিবেশ মেলায় সরকারি ০৪ টি প্রতিষ্ঠান, প্লাস্টিকের বিকল্প পণ্য প্রস্তুতকারী ০৯ টি প্রতিষ্ঠান এবং পানি ও পরিবেশ বিষয়ক বিভিন্ন বিষয়ের প্রতি সচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম প্রদর্শনী বিষয়ক ০২ টি প্রতিষ্ঠানসহ সর্বমোট ১৫টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০২৫ এর উদ্বোধনী অনুষ্ঠান শেষে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান পরিবেশ মেলার স্টলসমূহ পদির্শন করেন। এ সময় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি* ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক জনাব মোহাম্মদ এজাজ উপস্থিত ছিলেন। ০৩ (তিন) দিন ব্যাপী অনুষ্ঠিত মেলায় প্রতিদিন বিপুল সংখ্যক জনসাধারণের পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ পরিদর্শন করেন। মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের প্রথম স্থান অর্জনকারী ‘এসএমই ফাউন্ডেশন’, দ্বিতীয়স্থান অর্জনকারী ‘জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)’ এবং তৃতীয় স্থান অর্জনকারী ‘ডিজাইন বাই রুবিনা’ প্রতিষ্ঠানকে সার্টিফিকেট প্রদান করা হয়।



পরিবেশ মেলা পদির্শন করছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান

## জাতীয় পরিবেশ পদক ২০২৪ প্রদান



পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা হতে ব্যক্তিগত পর্যায়ে পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার ক্যাটাগরিতে জাতীয় পরিবেশ পদক ২০২৪ গ্রহণ করেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রাক্তন মহাপরিচালক জনাব মোহাম্মদ মুনীর চৌধুরী

সরকার পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে ২০০৯ সালে জাতীয় পরিবেশ পদক প্রবর্তন করে। পরিবেশ পদক নীতিমালা অনুযায়ী প্রতি বছর ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে ০৬ (৩+৩) ক্যাটাগরিতে মোট ০৬টি জাতীয় পরিবেশ পদক প্রদান করা হয়। জাতীয় পরিবেশ পদকপ্রাপ্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ২২ (বাইশ) ক্যারেট মানের ২ (দুই) তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও আরো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, ক্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হয়। এ বছর বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ২০২৪ সালে নিম্নোক্ত ০৬ জন ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয় পরিবেশ পদক প্রদান করা হয়।

| পদকের শ্রেণি | পুরস্কার প্রাপ্ত ব্যক্তি (ব্যক্তিগত পর্যায়) | পুরস্কার প্রাপ্ত প্রতিষ্ঠান (প্রাতিষ্ঠানিক পর্যায়) |
|---|---|---|
| পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ | **জনাব মোঃ মাহমুদুল ইসলাম**<br>ঠিকানা: গ্রাম ও ডাকঘর: আজিজনগর, উপজেলা: তেঁতুলিয়া, জেলা: পঞ্চগড় | **স্লোটেক্স আউটাওয়্যার লিঃ**<br>ঠিকানা: বি-৬৫/৩, লাকুরিয়াপাড়া, ঢুলিভিটা, ধামরাই, ঢাকা-১৩৫০। |
| পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার | **জনাব মোহাম্মদ মুনীর চৌধুরী**<br>প্রাক্তন মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর। | **ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্ট**<br>ঠিকানা: ১৪/৩/এ (৩য় তলা) জাফরাবাদ, রায়ের বাজার, ঢাকা-১২১৭। |
| পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন | **প্রফেসর ড. এম. ফিরোজ আহমেদ**<br>প্রাক্তন অধ্যাপক, প্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। | **বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)**<br>জয়দেবপুর, গাজীপুর। |

## 'পরিবেশ বিষয়ক সংস্কার ভাবনা' আলোচনা অনুষ্ঠান



'পরিবেশ বিষয়ক সংস্কার ভাবনা' আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান

বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে ১ জুন, ২০২৫ খ্রিঃ তারিখে পরিবেশ অধিদপ্তর কর্তৃক আয়োজিত 'পরিবেশ বিষয়ক সংস্কার ভাবনা' আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একই মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, ড. ফাহমিদা খানম। 'পরিবেশ বিষয়ক সংস্কার ভাবনা' আলোচনা অনুষ্ঠানে মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান পরিবেশ রক্ষায় সব কিছুর আগে জনগণের চেতনা জাগ্রত করার জোরালো আহ্বান জানিয়ে বলেন, "শুধু রাস্তা, ফ্লাইওভার বা বিদ্যুৎই জীবনের মূল চাহিদা হতে পারে না। যদি বাতাস ও পানি দূষিত হয়, তবে বিদ্যুৎ দিয়ে সবকিছু ঠিক রাখা সম্ভব নয়। ফুসফুসে ক্যান্সার হয় এমন বাতাসে বিদ্যুৎ দিয়ে কী করবেন? বাতাস পশোধনের জন্য পর্যাপ্ত গাছ না থাকলে রাস্তা দিয়ে কী হবে?" তিনি প্রতিবেশ ও পরিবেশ সুরক্ষা ও সংরক্ষণে নিজ নিজ অবস্থান থেকে পরিবেশবান্ধব কার্যক্রম পরিচালনার আহ্বান জানান। 'পরিবেশ বিষয়ক সংস্কার ভাবনা' আলোচনা অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি*।

## আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতা ২০২৫



বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এর অডিটেরিয়ামে রাজশাহী বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় এর মধ্যে অনুষ্ঠিত আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতাটির চূড়ান্ত পর্বের স্থিরচিত্র

বিশ্ব পরিবেশ দিবস উদযাপনের লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচির অংশ হিসেবে আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতা ২০২৫ আয়োজন করা হয়। এবারের আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় দেশের ১ম সারির ১১ টি সরকারি বিশ্ববিদ্যালয় (প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম ১টি), ৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং ২টি সরকারি মেডিকেল কলেজসহ মোট ১৬টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। রাজশাহী বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় এর মধ্যকার এবারের পরিবেশ বিতর্ক প্রতিযোগিতার চূড়ান্ত পর্বটি গত ৩০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এর অডিটেরিয়ামে অনুষ্ঠিত হয়; যা ৫ জুন ২০২৫ তারিখে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) কর্তৃক সম্প্রচার করা হয়। চূড়ান্ত পর্বের জন্য বিতর্কের বিষয় নির্ধারিত ছিল "প্লাস্টিক দূষণ নিয়ন্ত্রণে নাগরিক আন্দোলনই সবচেয়ে কার্যকর শক্তি"। এ বিষয়ের পক্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয় এর বিতার্কিক দল যুক্তি উপস্থাপন করে এবং বিপক্ষে যুক্তির অবতারণা করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিতার্কিক দল। আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিতার্কিক দল এবং রানার-আপ এর স্থান অর্জন করে ঢাকা বিশ্ববিদ্যালয় এর বিতার্কিক দল। এবারের বিতর্ক প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব অনুষ্ঠানে সম্মানিত বিচারকমণ্ডলী হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তরের সম্মানিত অতিরিক্ত মহাপরিচালক ড. মুঃ সোহরাব আলি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. মনজুরুল হাসান এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. আলী আহমেদ শওকত চৌধুরী। মডারেটর হিসেবে আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতার চূড়ান্ত পর্বটি পরিচালনা করেছেন পরিবেশ অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি*।

## শিশু কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা ২০২৫



শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতার স্থিরচিত্র

"প্লাস্টিক দূষণ আর নয়"-এই প্রতিপাদ্য কে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উপলক্ষে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা প্লাজায় ১৭ মে ২০২৫ তারিখ শনিবার বেলা ৩:০০ ঘটিকায় শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে পরিবেশ অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি* এবং অতিরিক্ত মহাপরিচালক ড. মুঃ সোহরাব আলি উপস্থিত ছিলেন। পরিবেশ অধিদপ্তরের পরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা) জনাব রাজিনারা বেগম উক্ত প্রতিযোগিতার সার্বিক দায়িত্ব পালন করেন। শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ৪টি গ্রুপে (ক-গ্রুপ অনূর্ধ্ব ৮ বছর, খ-গ্রুপ ৮ থেকে ১২ বছর, গ-গ্রুপ ১২ থেকে ১৬ বছর এবং বিশেষ চাহিদা সম্পন্ন গ্রুপ) মোট ৩৫৪ জন প্রতিযোগী অংশগ্রহণ করে। শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিচারক হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য চিত্রশিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের সাবেক ডিন অধ্যাপক সৈয়দ আবুল বারক আলভী এবং শিল্পকলা একাডেমির পরিচালক (চারুকলা) জনাব মোস্তফা জামান।

## রচনা প্রতিযোগিতার আয়োজন

বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে ছাত্র-ছাত্রীসহ দেশের আপামর জনসাধারণের মধ্যে পরিবেশ বিষয়ে সচেতনতা গড়ে তোলাসহ দিবসটির গুরুত্ব তুলে ধরার জন্য বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়। তন্মধ্যে পবিত্র কুরআন ও হাদীসের আলোকে পরিবেশ ও প্রতিবেশ সুরক্ষায় বৃক্ষের গুরুত্ব, বন, বন্যপ্রাণি, পাহাড়-টিলার গুরুত্ব এবং জীব বৈচিত্র্য সংরক্ষণ বিষয়ে মাদ্রাসা শিক্ষার্থীদের জাতীয়, বিভাগীয়, জেলা এবং উপজেলা পর্যায়ে রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়। বিভাগীয় পর্যায়ে উত্তীর্ণ শিক্ষার্থীদের নিয়ে বিগত ২১ মে ২০২৫ খ্রি. তারিখে পরিবেশ অধিদপ্তরের সম্মেলন কক্ষে জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতাটি আয়োজন করা হয়।




মাদ্রাসা শিক্ষার্থীদের জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের স্থিরচিত্র

## বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উপলক্ষে সেমিনার আয়োজন




"প্লাস্টিক দূষণ আর নয়" বিষয়ক সেমিনারের আলোচকবৃন্দ

বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে ২৬ -৩০ জুন, ২০২৫ তারিখে বিভিন্ন অংশীজনের সমন্বয়ে একটি সুস্থ ও পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে আয়োজিত ০৪ (চার) টি সেমিনার বিভিন্ন ইভেন্ট এর মাধ্যমে সম্পন্ন হয়েছে। প্লাস্টিক দূষণ আর নয় বিষয়ক জনসচেতনতামূলক সেমিনারটি ২৬ জুন ২০২৫ তারিখে পরিবেশ অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক জনাব মোহাম্মদ এজাজ; বিশেষ অতিথি হিসেবে ছিলেন যথাক্রমে এসডো এর মহাসচিব ড. শাহরিয়ার হোসেন, এএলআরডি এর নির্বাহী প্রধান জনাব শামসুল হুদা, বাংলাদেশ পাটকল কর্পোরেশন এর প্রাক্তন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোবারক আহমদ খান, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এইচ এম জাকির হোসেন এবং বেলা এর ভারপ্রাপ্ত নির্বাহী প্রধান জনাব তাসলিমা ইসলাম উপস্থিত ছিলেন।

সেমিনারে সভাপতিত্ব করেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি*। সেমিনারে পরিবেশ দিবস ২০২৫ এর প্রতিপাদ্যকে সামনে রেখে সংহতি বক্তব্য প্রদান করেন আয়োজক সংগঠনের প্রতিনিধিবৃন্দ। সেমিনারের সভাপতি পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক বলেন, প্লাস্টিকের ব্যবহার ও বিপনন নিয়ে আগে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে। প্লাস্টিক পলিথিনের বিকল্প পণ্য বাজারে সহজলভ্য করতে হবে। তিনি আরও বলেন, আমরা যদি প্লাস্টিক পণ্যকে ক্ষতিকর হিসেবে উপলব্ধি করতে পারতাম, তাহলে অনেক আগেই প্লাস্টিক-পলিথিন বন্ধ হয়ে যেত।

## কঠিন বর্জ্যের টেকসই ব্যবস্থাপনা

চ্যালেঞ্জ, সম্ভাবনা ও করণীয় বিষয়ক জনসচেতনতামূলক সেমিনারটি ২৬ জুন ২০২৫ তারিখে পরিবেশ অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। ওয়াটারএইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর জনাব হাসিন জাহান-এর সূচনা বক্তব্যের মাধ্যমে শুরু হওয়া এ সেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ, অতিরিক্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। সেমিনারে সভাপতিত্ব করেন জনাব ড. মুঃ সোহরাব আলি, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর। অনুষ্ঠানের প্রধান অতিথি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ বলেন, কঠিন বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকর অগ্রগতি আনতে তিনটি বিষয়ে জোর দিতে হবে: গণসচেতনতা, প্রাতিষ্ঠানিক অংশীদারিত্ব ও আইনের যথাযথ বাস্তবায়ন। অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে জনাব ড. মুঃ সোহরাব আলি কঠিন বর্জ্য ব্যবস্থাপনায় আরও শক্তিশালী প্রাতিষ্ঠানিক নেতৃত্ব ও সমন্বিত পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। জনাব শিরিন সুলতানা লীরা, প্রোগ্রাম ম্যানেজার, গভর্ন্যান্স, ক্লাইমেট চেঞ্জ এন্ড এনভায়রনমেন্ট, সুইজারল্যান্ড দূতাবাস, বাংলাদেশ গুরুত্বারোপ করে বলেন সহযোগিতা, সমন্বয় ও যৌথ উদ্যোগ-এটাই কঠিন বর্জ্য ব্যবস্থাপনায় টেকসই সমাধান ও পরিবেশ রক্ষার মূল চাবিকাঠি।



"কঠিন বর্জ্যের টেকসই ব্যবস্থাপনা: চ্যালেঞ্জ, সম্ভাবনা ও করণীয়" বিষয়ক জনসচেতনতামূলক সেমিনারের স্থিরচিত্র

## Break Free From Plastic

“A Discussion and EcoBazar on Plastic Alternatives” বিষয়ক একটি জনসচেতনতামূলক সেমিনার ২৯ জুন ২০২৫ তারিখে পরিবেশ অধিদপ্তরের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সেমিনারটি Action Aid Bangladesh ও NACOM সহ ০২ টি সংগঠনের সম্মিলিত সহযোগিতায় আয়োজিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. ফাহমিদা খানম, অতিরিক্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। সভায় সভাপতিত্ব করেন ড. মুঃ সোহরাব আলি, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর। বিশেষ অতিথি হিসেবে জেডিপিসি, পাট ও বস্ত্র মন্ত্রণালয় এর নির্বাহী পরিচালক জনাব মোঃ জাহিদ হোসেন প্লাস্টিকের বিকল্প আনয়নের উপর গুরুত্বারোপ করেন।




“Break Free From Plastic: A Discussion and EcoBazar on Plastic Alternatives” বিষয়ক সেমিনারের আলোচকবৃন্দ



Eco Bazar ঘুরে দেখছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. ফাহমিদা খানম

**“Youth Lead Plastic War”** বিষয়ক জনসচেতনতামূলক সেমিনারটি ৩০ জুন ২০২৫ তারিখে World Vision Bangladesh এর সহায়তায় পরিবেশ অধিদপ্তরের অডিটোরিয়ামে আয়োজিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে ড. মুঃ সোহরাব আলি, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এর সিনিয়র ডিরেক্টর-অপারেশনস জনাব চন্দন জেড গমেজ। সেমিনারে সমাজের পিছিয়ে পড়া এক ঝাঁক শিশু কিশোরের অংশগ্রহণে প্লাস্টিক দূষণের ক্ষতিকর প্রভাব এবং এ দূষণ রোধে একটি জনসচেতনতামূলক নাটিকা পরিবেশিত হয়। এছাড়া প্লাস্টিক দূষণ রোধে তরুণদের পক্ষ থেকে 7 Points Declaration করা হয়। সেমিনারের প্রধান অতিথি হিসেবে ড. মুঃ সোহরাব আলি তার বক্তব্যে পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণে এবং একই সাথে প্লাস্টিক দূষণ রোধে তরুণ সমাজের পক্ষ থেকে প্রতিশ্রুতি আহ্বান করেন।

## বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ এর সমাপনী ও পুরস্কার বিতরণ




আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিতর্কিত দলকে ক্রেস্ট প্রদান করছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান

প্রতিবছরের ন্যায় এবছরও বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০২৫ উদযাপন করা হয়। এ বছর বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১৯ জুলাই ২০২৫খ্রি. তারিখে আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একই মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. ফারহিনা আহমেদ। সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতা এবং পরিবেশ বিষয়ক শ্রেষ্ঠ প্রকল্প প্রস্তাব প্রতিযোগিতায় অংশগ্রহণকারীবৃন্দের মধ্য হতে বিজয়ীদের চেক, ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়। সমাপনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান, *এনডিসি*।

## বিশ্ব ওজোন দিবস ২০২৫ উদযাপন

প্রতিবছরের ন্যায় এবছরও ১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিশ্ব ওজোন দিবস উদযাপন করা হয়। এবছর বিশ্ব ওজোন দিবসের প্রতিপাদ্য “From science to global action” যার ভাবানুবাদ করা হয়েছে “বিজ্ঞানসম্মত কর্ম, ওজোন রক্ষায় বর্ম”। উক্ত প্রতিপাদ্যের আলোকে দিবসটি উদযাপন উপলক্ষে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা, শোভাযাত্রা, বিটিভি ও বাংলাদেশ বেতারে আলোচনাসহ জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত সেমিনার ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।




বিশ্ব ওজোন দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত সেমিনার, শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ ও শোভাযাত্রার স্থিরচিত্র

জাতীয় সেমিনার ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একই মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ এবং উক্ত অনুষ্ঠানে পরিবেশ অধিদপ্তরের বায়ুমান ব্যবস্থাপনা শাখার সম্মানিত পরিচালক জনাব মোঃ জিয়াউল হক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি*। উক্ত আলোচনা অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি, পেশাজীবী সংগঠনসহ বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধি ও শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীসহ প্রায় ৩০০ জন অংশগ্রহণ করেন।

## আন্তর্জাতিক শব্দ সচেতনতা দিবস ২০২৫ উদযাপন




আন্তর্জাতিক শব্দ সচেতনতা দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে র‍্যালি

"আর নয় শব্দ দূষণ, চাই সুস্থ জীবন" এই স্লোগান কে সামনে রেখে বিগত ৩০ এপ্রিল, ২০২৫ খ্রিঃ তারিখে পরিবেশ অধিদপ্তর কর্তৃক দেশ ব্যাপী আন্তর্জাতিক শব্দ সচেতনতা দিবস ২০২৫ উদযাপন করা হয়। শব্দদূষণ নিয়ন্ত্রণে সমন্বিত ও অংশীদারিত্বমূলক প্রকল্পের উদ্যোগে এবছর ঢাকায় জাতীয় সংসদ ভবনের সামনে অভিমুখে (ঢাকাস্থ মানিক মিয়া এভিনিউ) বিভিন্ন শিক্ষার্থী, পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাদের উপস্থিতিতে একটি বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিতে পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ, ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন পেশার মানুষ অংশগ্রহণ করেন।

## সমুদ্র সৈকত কুয়াকাটায় বিশ্ব পচ্ছিন্নতা দিবস ২০২৫ উদযাপন

নরওয়ে সরকারের অর্থায়নে এবং UNIDO-এর কারিগরি সহায়তায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'Integrated Approach Towards Sustainable Plastics Use and Marine Litter Prevention in Bangladesh' প্রকল্পের আওতায় পটুয়াখালী জেলার কুয়াকাটা উপজেলায় বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বিশ্ব পরিচ্ছন্নতা দিবস ২০২৫ উদযাপন করা হয়। বিশ্ব পরিচ্ছন্নতা দিবস ২০২৫ উদযাপন কর্মসূচিসমূহের মধ্যে আলোচনা সভা, র‍্যালী, স্বেচ্ছাসেবীদের শপথবাক্য পাঠ ও সী-বীচ ক্লিন-আপ কার্যক্রম উল্লেখযোগ্য। এ দিবসটি উদযাপনের অংশ হিসেবে প্রথমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী, জেলা প্রশাসক, পটুয়াখালী প্রধান অতিথি এবং প্রফসর ড. মোঃ আলমগীর কবীর, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়। এছাড়াও, এ অনুষ্ঠানে প্রকল্পের প্রকল্প পরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন, উপপ্রকল্প পরিচালক কাজী সুমন, ইউনিডো এর প্রতিনিধি এবং বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন, সামাজিক সংগঠন, ব্যবসায়ী সংগঠনসহ সর্বস্তরের অংশীজন অংশগ্রহণ করেন। আলোচনা সভা শেষে প্রধান অতিথি কর্তৃক কুয়াকাটা সমুদ্র সৈকতে স্বেচ্ছাসেবীদের পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত শপথ বাক্য পাঠ করানো হয় এবং সর্বশেষ স্বেচ্ছাসেবীগণ কর্তৃক সমুদ্র সৈকত ক্লিন-আপ কার্যক্রম পরিচালনা করা হয়।



বিশ্ব পরিচ্ছন্নতা দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে আলোচনা সভার স্থিরচিত্র



কুয়াকাটা সমুদ্র সৈকত পরিচ্ছন্নতা কার্যক্রমে স্বেচ্ছাসেবীদের শপথ বাক্য পাঠ

## পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাদের ১০ম মৌলিক প্রশিক্ষণ কোর্স (১ম পর্ব) এর সমাপনী অনুষ্ঠান

পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিগত ০৪ মে ২০২৫ খ্রিঃ তারিখ হতে ০২ জুন ২০২৫ তারিখ পর্যন্ত ১ (এক) মাস ব্যাপী আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকায় ৯ম ও ১০ম গ্রেডের ৩৬ জন কর্মকর্তার জন্য দশম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (১ম পর্ব) এর আয়োজন করা হয়। দশম বুনিয়াদি প্রশিক্ষণে ১ম পর্বে ১ম স্থান জনাব মোঃ আব্দুল লতিফ জনি, সহকারী পরিচালক (কক্সবাজার জেলা), ২য় স্থান জনাব মোঃ আহসান সাফি, সহকারী পরিচালক (রাজশাহী বিভাগ) এবং ৩য় স্থান জনাব নাজিয়া উদ্দিন, সহকারী পরিচালক (ময়মনসিংহ জেলা) অর্জন করেন। উক্ত মৌলিক প্রশিক্ষণ কোর্স (১ম পর্ব) এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. ফারহিনা আহমেদ ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি*।




আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকায় আয়োজিত ১০ম মৌলিক প্রশিক্ষণ কোর্স (১ম পর্ব) এর সমাপনী অনুষ্ঠানের স্থিরচিত্র

# সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ” শীর্ষক প্রশিক্ষণ

পরিবেশ অধিদপ্তরের অডিটোরিয়ামে ২০ আগস্ট, ২০২৫ খ্রিঃ তারিখে "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ” শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মোস্তাফিজুর রহমান, সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান), পরিকল্পনা কমিশন এবং সভাপতিত্ব করেন ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি*, মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর।



“সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ” শীর্ষক প্রশিক্ষণে বক্তব্য রাখছেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান ***এনডিসি***

# শব্দদূষণ নিয়ন্ত্রণে কর্মকৌশল নির্ধারণে সম্মানিত আলেম-উলামাগণের সাথে মতবিনিময় সভার আয়োজন

শব্দদূষণ নিয়ন্ত্রণে সমন্বিত ও অংশীদারিত্বমূলক প্রকল্পের আওতায় শব্দদূষণ নিয়ন্ত্রণে কর্মকৌশল নির্ধারণে দেশের বরেণ্য আলেম-উলামাগণের সাথে মতবিনিময় সভা গত ০৪ আগস্ট, ২০২৫ খ্রিঃ তারিখে পরিবেশ অধিদপ্তরের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন। মতবিনিময় সভায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, শব্দদূষণ নিয়ন্ত্রণে দেশের আলেম-উলামাগণের সহায়তা প্রয়োজন। ধর্মীয় বয়ানে প্ল্যাস্টিক দূষণ, পাহাড় কাটা, পাথর উত্তোলন রোধসহ পরিবেশ সচেতনতা বিষয়সমূহ অন্তর্ভুক্ত করলে মানুষের আচরণ পরিবর্তনে তা অত্যন্ত কার্যকর হবে। তিনি বলেন, উন্নত দেশগুলোতে সরকার ও জনগণের সম্মিলিত উদ্যোগে শব্দদূষণ অনেকটাই নিয়ন্ত্রণে এসেছে। বাংলাদেশেও আমরা এ ধরনের উদ্যোগ বাস্তবায়ন করতে চাই। কনসার্ট, অ্যাম্বুলেন্স ও পরিবহন খাতে নিয়ন্ত্রিত শব্দ ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে। অনুষ্ঠানে ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেন, হাদিস শরীফসহ বহু ইসলামি গ্রন্থে শব্দ সংযমের শিক্ষা দেওয়া হয়েছে। গভীর রাতে উচ্চ শব্দে মাইক ব্যবহার শিশু, বৃদ্ধ ও অসুস্থদের জন্য কষ্টকর।



শব্দদূষণ নিয়ন্ত্রণে সমন্বিত ও অংশীদারিত্বমূলক প্রকল্পের আওতায় শব্দদূষণ নিয়ন্ত্রণে কর্মকৌশল নির্ধারণে সম্মানিত আলেম-উলামাগণের সাথে মতবিনিময় সভার স্থিরচিত্র

তিনি আরো বলেন, উচ্চ শব্দ শুধু কানে ব্যথা দেয় না, নার্ভাস সিস্টেমেও বিরূপ প্রভাব ফেলে। অহেতুক হর্ন বা শব্দ তৈরি ইসলামি শিক্ষার পরিপন্থি। সকল প্রকার দূষণ রোধে জনসচেতনতা বৃদ্ধিতে দেশের আলেম উলামাগণের প্রতি আহ্বান জানান। সভায় আরও বক্তব্য রাখেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনের সম্মানিত সচিব ড. ফারহিনা আহমেদ, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান এনডিসি, ইএনটি হেড-নেক ক্যান্সার ফাউন্ডেশনের মহাসচিব অধ্যাপক ডা. কামরুল হাসান তরফদার, পরিবেশ অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ আব্দুল্লাহ আল মাসউদ এবং শব্দদূষণ নিয়ন্ত্রণে সমন্বিত ও অংশীদারিত্বমূলক প্রকল্প পরিচালক জনাব ফরিদ আহমেদ। সভায় অংশগ্রহণকারী আলেম-উলামাগণ শব্দদূষণ রোধে সরকারের কাছে পরিকল্পনা দিতে সম্মত হন। একই সাথে কোরআন-হাদিস ভিত্তিক বার্তার মাধ্যমে শব্দদূষণ বিরোধী সচেতনতা ছড়িয়ে দেওয়ার প্রতিশ্রুতি দেন।



শব্দদূষণ নিয়ন্ত্রণে সমন্বিত ও অংশীদারিত্বমূলক প্রকল্পের আওতায় শব্দদূষণ নিয়ন্ত্রণে কর্মকৌশল নির্ধারণে মতবিনিময় সভায় দেশ বরেণ্য আলেম-উলামাগণের একাংশ

## পরিবেশ বান্ধব পাটের ব্যাগ বাজারজাতকরণ কার্যক্রমের শুভ উদ্বোধন

ঢাকা মহানগরীর কারওয়ান বাজরে গত ৩১ আগস্ট, ২০২৫ খ্রিঃ তারিখে পরিবেশ বান্ধব পাটের ব্যাগ বাজারজাতকরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা শেখ বশির উদ্দিন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, পরিবেশ সুরক্ষায় সরকার ভর্তুকি মূল্যে পাটের ব্যাগ সরবরাহের উদ্যোগ নিয়েছে। এই উদ্যোগ সফল করতে ভোক্তাদের সহযোগিতা অপরিহার্য।



ঢাকা মহানগরীর কারওয়ান বাজারে পরিবেশ বান্ধব পাটের ব্যাগ বাজার জাতকরণ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানের স্থিরচিত্র

তিনি আরও বলেন, নিষিদ্ধ ঘোষিত পলিথিন ব্যবহার করা হলে কোনো ছাড় দেওয়া হবে না এবং নিয়মিত বাজার পরিদর্শনের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, পাটের ব্যাগ টেকসই, পুনরায় ব্যবহারযোগ্য এবং পরিবেশবান্ধব। তিনি জানান, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে এই প্রকল্পের আওতায় টিসিবির ডিলার এবং বাজারের বণিক সমিতির মাধ্যমে ভর্তুকি মূল্যে পাটের ব্যাগ বিক্রি করা হবে। এই প্রকল্পের মাধ্যমে জনসাধারণকে পাটের ব্যাগ ব্যবহারে উদ্বুদ্ধ করা এবং বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি, বাজারজাতকরণ, মান নিয়ন্ত্রণ এবং উৎপাদন খরচ কমানোর প্রশিক্ষণ দেওয়া হবে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা শেখ বশির উদ্দীন। তিনি ভবিষ্যৎ প্রজন্মের জন্য পলিথিন ও একবার ব্যবহার্য প্লাস্টিক বন্ধ করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ইতোমধ্যে টিসিবির নির্ধারিত ডিলারদের ভর্তুকি মূল্যে পাটের ব্যাগ বিক্রির জন্য নিয়োগ দেওয়া হয়েছে এবং রাজধানীর বিভিন্ন বাজারে নির্ধারিত দোকান থেকে ব্যাগ পাওয়া যাবে।

## টাঙ্গুয়ার হাওরে প্লাস্টিক দূষণ রোধে পরিবেশ অধিদপ্তরের সচেতনতামূলক লিফলেট বিতরণ



টাঙ্গুয়ার হাওরে প্লাস্টিক দূষণ রোধে পরিবেশ অধিদপ্তরের সচেতনতামূলক বিলবোর্ড স্থাপন

সুনামগঞ্জের টাঙ্গুয়ার হাওরের পরিবেশ ও জীববৈচিত্র রক্ষায় বিশেষ উদ্যোগ নিয়েছে পরিবেশ অধিদপ্তর। ৯ আগস্ট ২০২৫ খ্রি. তারিখে পরিবেশ অধিদপ্তর সুনামগঞ্জ জেলা কার্যালয়ের উদ্যোগে দিনব্যাপী তাহিরপুরের আনোয়ারপুর ঘাট, টাঙ্গুয়ার হাওরের ওয়াচ টাওয়ার সংলগ্ন এলাকা এবং টেকেরঘাটে হাওরের পর্যটক ও হাউজবোটগুলোর মধ্যে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়। এসময় পর্যটকদের মধ্যে সিঙ্গেল ইউজ প্লাস্টিক এবং প্লাস্টিকের বোতল হাওরে না নিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানানো হয়। একইসাথে, হাওরে সব ধরনের বর্জ্য না ফেলার জন্য লিফলেট বিতরণ করা হয়। এছাড়াও, টেকের ঘাটে হাওর ভ্রমণের সময় অনুসরণীয় বিধি-নিষেধ সংবলিত একটি বিলবোর্ড স্থাপন করা হয়েছে।

## সচিবালয় নির্দেশমালা, ২০২৪ বিষয়ক প্রশিক্ষণ



পরিবেশ অধিদপ্তরে সচিবালয় নির্দেশমালা, ২০২৪ বিষয়ক প্রশিক্ষণের স্থিরচিত্র

পরিবেশ অধিদপ্তরে ২২ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখে সচিবালয় নির্দেশমালা, ২০২৪ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ কামরুজ্জামান *এনডিসি* এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ড. মুঃ সোহরাব আলি। সচিবালয় নির্দেশমালা, ২০২৪ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় "রেকর্ডের বিন্যাস, রেকর্ড ব্যবস্থাপনা, রেকর্ড সংরক্ষণ ও বিনষ্টকরণ" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপসচিব জনাব রুবিনা ফেরদৌসী, "নতুন নথি খোলা, নথিপত্র ব্যবস্থাপনা, নথি উপস্থাপন, প্রস্তুতকরণ, নোট লিখন ও ই-মেইলের ব্যবহার" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোহাম্মদ রেজাউল করিম এবং "পত্রাদির প্রকারভেদ ও বিভিন্ন ধরনের পত্র যোগাযোগ" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন আরপিএটিসি এর উপপরিচালক ড. শফিকুল ইসলাম। সচিবালয় নির্দেশমালা, ২০২৪ বিষয়ক প্রশিক্ষণের সভাপতিত্ব করেন পরিবেশ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) জনাব মোঃ আব্দুল্লাহ আল মাসউদ।

## চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াকরণ) বিধিমালা, ২০০৮ অনুযায়ী মতবিনিময় সভা

চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াকরণ) বিধিমালা, ২০০৮ অনুযায়ী স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান যেমন হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার থেকে উৎপন্ন বর্জ্য একটি পরিবেশসম্মত ও নিরাপদ উপায়ে ব্যবস্থাপনা, প্রক্রিয়াকরণ এবং নিষ্পত্তির জন্য পরিবেশ অধিদপ্তর বিভিন্ন নীতি ও নির্দেশনা প্রদান, পর্যবেক্ষণ ও প্রয়োজনে প্রতিষ্ঠান পদির্শন করে থাকে। এরই অংশ হিসেবে ১০-১২ আগস্ট ২০২৫খ্রি. তারিখে শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলাসমূহের হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের মালিকগণের সাথে চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াকরণ) বিধিমালা, ২০০৮ অনুযায়ী দূষণ নিয়ন্ত্রণ বিষয়ক মতবিনিমিয় সভা আয়োজন করা হয়। মতমিনিময় সভায় হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের প্রতিনিধিগণ চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াকরণ) বিধিমালা, ২০০৮ অনুযায়ী দূষণ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় প্রদক্ষেপ নিবেন বলে আশ্বাস প্রদান করেন। সভার মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তর ঢাকা অঞ্চল কার্যালয়ের পরিচালক জনাব মোঃ আবুল কালাম আজাদ। এছাড়া উক্ত জেলা কার্যালয়সমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।




গোপালগঞ্জ জেলায় হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের মালিকগণের সাথে মতবিনিময় সভার স্থিরচিত্র